দৈনিক ইনকিলাব

12

তারিখ ... ... FEB. 1 4 2000
পৃষ্ঠা ৯২

# ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ অর্নাস ভর্তি ফরম বিতরণ ১ মার্চ থেকে

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সম্প্রতি ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে অনার্স প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার ফরম বিতরণ, পরীক্ষার তারিখ ও নিয়মাবলী ঘোষণা করেছে।

গত ৯ ফেব্রুয়ারী ভাইস চ্যান্সেলর এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত ভর্তি কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। কমিটির সিদ্ধান্ত মতে আগামী ১ মার্চ থেকে অনার্স ১ম পর্ব ভর্তি পরীক্ষার ফরম বিতরণ শুরু হবে এবং ৩১ মার্চ পর্যন্ত বিতরণ চলবে। ছুটির দিন ছাড়া অগ্রণী ব্যাংক কার্জন হল শাখায় ক ইউনিটের ভর্তি ফরম, জনতা ব্যাংক টিএসসি শাখায় খ ও ঘ ইউনিটের ভর্তি ফরম এবং প্রশাসনিক ভবন শাখায় গ ইউনিটের ভর্তি ফরম পাওয়া যাবে। এবার ভর্তি ফরমের মূল্য রাখা হয়েছে ২০০ টাকা।

১৯৯৮ ও ৯৯ সালে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ এবং ন্যূনতম পক্ষে দ্বিতীয় বিভাগে পাস করা ছাত্রছাত্রীরা আবেদন করতে পারবে।

তবে ক ও ঘ ইউনিটে আবেদনের জন্য ন্যূনতম ১৩৫০ নম্বর, খ ও গ ইউনিটের জন্য ১১৫০ নম্বর থাকতে হবে। পরীক্ষার সময় ১ ঘন্টা। পাস নম্বর-৪০, ভর্তি ফরম সংশ্লিষ্ট ডীন অফিসে জমা দিতে হবে। গ ইউনিটের ভর্তি পরীক্ষা ১৪ এপ্রিল, খ ইউনিটের ভর্তি পরীক্ষা ২১ এপ্রিল, ঘ ইউনিটের পরীক্ষা ২৮ এপ্রিল এবং ক ইউনিটের পরীক্ষা ৫ মে অনুষ্ঠিত হবে।

এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স ১ম পর্বের ভর্তি পরীক্ষার মোট আসন সংখ্যা ৪ হাজার ১১০টি, এর মধ্যে ক-ইউনিটে ১ হাজার ৯০টি, খ-ইউনিটে ২ হাজার ৬০০টি, গ-ইউনিটে ৭০৪টি এবং ঘ-ইউনিটে ৬ ৮০টি আসন বরাদ্দ করা হয়েছে।

আহমেদ বুলবুল